



কৃষি ঋণ বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



website: www.bb.org.bd

এসিডি সার্কুলার নং-০৩

১০ কার্তিক, ১৪২৮
তারিখঃ _____
২৬ অক্টোবর, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**২০২১-২০২২ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি'তে
নতুন ফল/ফসল অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-০১ তারিখ ২৯/০৭/২০২১ এর মাধ্যমে জারিকৃত ২০২১-২০২২ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি'র প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি'র পরিশিষ্ট-৬ ও চ এ বর্ণিত শস্য, ফসল, ফল-ফুল ইত্যাদির সাথে সৌদি খেজুর, ভিয়েতনামী নারিকেল, সুইট কর্ণ ও কফি চাষ অন্তর্ভুক্ত মর্মে বিবেচিত হবে। এপ্রেক্ষিতে, এতদসংগে সংযুক্ত ছকে উল্লেখিত ঋণ নিয়মাচার ও উৎপাদন পঞ্জিকা অনুসরণপূর্বক উক্ত ফল/ফসলসমূহে ঋণ বিতরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

এতদ্ব্যতীত, উপরোক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনীঃ ২ (দুই) পাতা

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল হাকিম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩৮

ফসল উৎপাদনের ঋণ নিয়মাচারঃ ১৪২৮-১৪২৯ বাৎ/২০২১-২০২২ ইং

ক্রমিক নং	ফসলের নাম	একর প্রতি উৎপাদনের খরচ* (টাকায়)											
		সুঘম সার	বীজ	সেচ	মাচা/খুঁটি /বরজ	কীটনাশক	জমি তৈরী যান্ত্রিক/ হাল	শ্রম	মৌসুম ওয়ারী ফসল উৎপাদনে জমির ভাড়া	মোট	একর প্রতি ঋণের পরিমাণ	প্রতি ঋণ গ্রহিতার জন্য সর্বোচ্চ ৫ একর এর জন্য ঋণের পরিমাণ	প্রতি ঋণ গ্রহিতার জন্য সর্বনিম্ন ০.৫০ বিঘার জন্য ঋণের পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
১	সৌদি খেজুর (বাগান পরিচর্যার জন্য)	১৯০০০০	৬৬০০০০	২০০০০	-	৪০০০০	-	৮৬৪০০	৯০০০	১০০৫৪০০	১০০৫৪০০	৫০২৭০০০	১৬৭৫৬৭
২	ভিয়েতনামী নারিকেল (বাগান পরিচর্যার জন্য)	১৬৫০০০	৫৫০০০	২০০০০	-	৩০০০০	-	১৪৪০০০	১৫০০০	৪২৯০০০	৪২৯০০০	২১৪৫০০০	৭১৫০০
৩	সুইট কর্ণ	১০০০০	৯০০০	৯০০০	-	৫০০০	৬০০০	১২০০০	১৫০০০	৬৬০০০	৬৬০০০	৩৩০০০০	১১০০০
৪	কফি (বাগান পরিচর্যার জন্য)	১৫০০০০	৪৫০০০	১৫০০০	-	১৫০০০	-	১৪৪০০০	১৫০০০	৩৮৪০০০	৩৮৪০০০	১৯২০০০০	৬৪০০০

*সৌদি খেজুর, ভিয়েতনামী নারিকেল ও কফি চাষের জন্য বাৎসরিক ভিত্তিতে একর প্রতি উৎপাদন খরচ নির্ধারণ করা হয়েছে এবং সুইট কর্ণ চাষের জন্য মৌসুম ভিত্তিক একর প্রতি উৎপাদন খরচ নির্ধারণ করা হয়েছে।

ফসল উৎপাদনের পঞ্জিকা ও ঋণ পরিশোধ সূচিঃ ১৪২৮-১৪২৯বাং/২০২১-২০২২ইং

ক্রঃ নং	ফসলের নাম	উৎপাদন মৌসুম		ঋণ পরিশোধের স্বাভাবিক সময়সীমা
		ঋণ বিতরণ কাল	ফসল কর্তন/সংগ্রহ কাল	
১	২	৩	৪	৫
১	সৌদি খেজুর	সারা বছর	সারা বছর	ফসল সংগ্রহের পর থেকেই
২	ভিয়েতনামী নারিকেল	সারা বছর	সারা বছর	ফসল সংগ্রহের পর থেকেই
৩	সুইট কর্ণ	১৫ নভেম্বর-১৫ ডিসেম্বর	১৪ মে-১৪ জুন	ফসল সংগ্রহের পর থেকেই
৪	কফি	সারা বছর	সারা বছর	ফসল সংগ্রহের পর থেকেই